দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 6 1999.
পৃষ্ঠা ৪ কলাম ৪

57

## এ,এম,আই,ই ছাত্র-ছাত্রীদের সমস্যা সমাধানে কয়েকটি প্রস্তাব

প্রকৌশল শিক্ষা ক্ষেত্রে স্নাতক পর্যায়ের যে কয়টি শিক্ষা ব্যবস্থা চালু আছে এ,এম,আই,ই, (এসোসিয়েট মেম্বার অব ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স) উহাদের অন্যতম। দীর্ঘ প্রায় চল্লিশ বছর ধরিয়া এই শিক্ষা ব্যবস্থা প্রকৌশল শিক্ষার বিস্তার ও উন্নয়নের মাধ্যমে জাতীয় উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখিয়া চলিয়াছে। কিন্তু দুঃখের বিষয় এ,এম,আই,ই, কোর্সের পরীক্ষাসমূহে উত্তীর্ণের হার নিতান্ত নগণ্য। ইহার কারণ শুরুতে যে কোর্স-কারিকুলাম প্রণয়ন করা হইয়াছিল আজও তাহাই বহাল রাখা হইয়াছে। উল্লেখ্য যে, শুরু হইতে এ পর্যন্ত প্রায় ৩২ হাজার ছাত্র-ছাত্রী এ,এম,আই,ই, হিসাবে রেজিস্ট্রেশন পাইয়াছে। তবে তাহাদের মধ্যে গ্র্যাজুয়েশন পাইয়াছে নগণ্য সংখ্যক ছাত্র-ছাত্রী। পাসের হার মাত্র ২%। তাই আই,ই,বি-এর মাননীয় সভাপতির মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর কাছে এ,এম,আই,ই কোর্সের বর্তমান সমস্যাগুলি দূর করিয়া উহার উন্নয়নের জন্য কয়েকটি প্রস্তাব ও সুপারিশ সুবিবেচনার জন্য তুলিয়া ধরিতেছি।

১) পরিকল্পনাধীন ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আই,ই,বি) কমপ্লেক্সে একটি একাডেমিক ভবন স্থাপনসহ পূর্ণাংগ একাডেমিক কার্যক্রম চালুকরণ।

২) প্রতিটি বিষয়ের (সেকশন এ ও বি) জন্য কোচিং ক্লাসের ব্যবস্থা করা এবং প্রতিটি বিষয়ে ক্রেডিট আওয়ার সিস্টেমে শিক্ষাদান এবং এজন্য স্থায়ী পূর্ণকালীন শিক্ষক ও পরীক্ষা নিয়ন্ত্রক নিয়োগ করা।

৩) মডারেট সিস্টেমে পরীক্ষা প্রণয়ন করা এবং আলাদাভাবে প্রতি বিষয়ের পাসমার্ক ৫০% হইতে কমাইয়া বুয়েট বা বিআইটির মত ৪০% পাসমার্ক নির্ধারণ করিয়া সেশনাল মার্ক যুক্ত করা। এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মত ট্রান্সক্রিপ্ট প্রদান করা।

৪) প্রতিটি বিষয়ে ব্যবহারিক শিক্ষার ব্যবস্থা করা এবং সংশ্লিষ্ট বিষয়ে থিসিস, রিপোর্টিং, জব এসাইনমেন্ট, মার্কিং সিস্টেমের নিয়ম প্রবর্তন করা।

৫) লাইব্রেরীতে ফটোকপিয়ার স্থাপনসহ বই এর সংখ্যা বৃদ্ধি করা।

৬) এ,এম,আই,ই ডিগ্রীকে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন প্রদান এবং উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জন্য উচ্চশিক্ষার সুযোগ প্রদান নিশ্চিত করা। এ,এম,আই,ই, ডিগ্রীকে বুয়েটের এক্রিডিটেশন প্রদান। এ,এম,আই,ই ডিগ্রী এসোসিয়েশন অব কমনওয়েলথ ইউনিভার্সিটি ও বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক অনুমোদনপ্রাপ্ত। প্রতিবেশী ভারতসহ অন্যান্য কমনওয়েলথভুক্ত দেশে এ,এম,আই,ই, পাস করার পর প্রকৌশল বিষয়ে উচ্চ শিক্ষা লাভের সুযোগ পাওয়া যায়। অনুরূপভাবে আমাদের দেশেও এ,এম,আই,ই পাসদের বুয়েট, বি,আই,টিতে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ প্রদান করা প্রয়োজন।

৭) এ,এম,আই,ই-তে বি.আর্ক, কম্পিউটার ইঞ্জিঃ এন্ড টেক, এ্যারোনটিকস এন্ড এ্যারোস্পেস, মেরিন এন্ড নেভাল আর্ক, মাইনিং এন্ড পেট্রোলিয়াম রিসোর্সেস, মেকাট্রনিক্স ইঞ্জিঃ, ইলেকট্রনিক্স এন্ড কম্যুনিকেশন, পাওয়ার এন্ড অটোমোবাইল-এর মত নূতন ব্রাঞ্চ চালু করা প্রয়োজন।

মাননীয় প্রধানমন্ত্রীর কাছে আমাদের আবেদন, আমাদের সমস্যাগুলির সমাধানকল্পে উল্লেখিত প্রস্তাব ও সুপারিশসমূহ বাস্তবায়ন করিয়া একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রকৌশল শিক্ষাকে যুগোপযোগী এবং এই পেশাদারী শিক্ষাকে সর্বস্তরে ছড়াইয়া দেওয়ার ব্যবস্থা নিবেন।

মোঃ নূরুননবী রেজা,
সেকশন-এ
তড়িৎ কৌশল বিভাগ।
আই,ই,বি, ঢাকা কেন্দ্র।